শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রানিত করার লক্ষ্যে দেশব্যাপী প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর অংশগ্রহণে দলগত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা ২০১৯ আয়োজনে ফুলবাড়ী উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	: জনাব মো: আব্দুস সালাম চৌধুরী উপজেলা নির্বাহী অফিসার ফুলবাড়ী, দিনাজপুর।
স্থান	: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।
তারিখ	: ১০/০২/২০১৯ খ্রি: ।
সময়	: সকাল ১১:০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দে নামের তালিকা: পরিশিষ্ট “ক” (স্বাক্ষরের ক্রমানুসারে)।

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অত:পর সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা এর গত ১২/১১/২০১৮ খ্রি: তারিখের ০৪.০০.০০০০.৫১২.৮২.০৪৫.১৪.৪৭১ নং স্মারক পত্রটি ও জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয়ের গত ০৯/০১/২০১৯ খ্রি: তারিখের সভার কার্যবিবরণীটি সভায় পাঠ করে শুনান। সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত সময়সূচি অনুযায়ী ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসের ০৭-১৩ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন করার নির্দেশনা রয়েছে । উক্ত তারিখের মধ্যে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য কমিটির সকল সদস্যের সহযোগিতা কামনা করেন। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা এর নির্দেশনার আলোকে নিম্মোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

<table>
<tr><th>ক্র: নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td rowspan="2">০১</td><td><u>উপজেলা পর্যায়ে প্রতিযোগিতার ভেন্যু, তারিখ ও সময়:</u>
আগামী ১৩/০২/২০১৯ খ্রি: তারিখ সকাল ০২:৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষ, ফুলবাড়ী, দিনাজপুরে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।
<u>ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে ভেন্যু ও তারিখ:</u>
তারিখ-১১/০২/২০১৯ ও ১২/০২/২০১৯ খ্রি: তারিখের মধ্যে নিম্মে উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ নিজ নিজ ইউনিয়নের সকল প্রতিষ্ঠানকে নিয়ে ইউনিয়ন ভিত্তিক একটি করে দল নির্বাচন করে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>আগামী ১৩/০২/২০১৯ খ্রি: তারিখ বেলা ০২:৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষ, ফুলবাড়ী, দিনাজপুরে শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে</td><td rowspan="2">সংশ্লিষ্ট ভেন্যুর প্রধান শিক্ষকগণ

(উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর
ও
উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর সার্বিক দায়িত্ব পালন করবেন)</td></tr>
<tr><td>১. পৌরসভা, ফুলবাড়ী-সুজাপুর সরকারি মডেল উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী,
২. এলুয়াড়ী ইউনিয়ন- খাজাপুর নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ফুলবাড়ী,
৩. আলাদীপুর ইউনিয়ন- মেলাবাড়ী উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।
৪. কাজিহাল ইউনিয়ন- রামেশ্বরপুর উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।
৫. বেতদিঘী ইউনিয়ন- সিদ্দিশী উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর
৬. খয়েরবাড়ী ইউনিয়ন- খয়েরবাড়ী উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।
৭. দৌলতপুর ইউনিয়ন- দৌলতপুর ইউনিয়ন উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী,
৮. শিবনগর ইউনিয়ন- রাজারামপুর উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ী, দিনাজপুর।</td><td>পৌরসভা ও ইউনিয়নের সংশ্লিষ্ট ভেন্যুর প্রধান শিক্ষকগণ আহবায়কের দায়িত্ব পালন করবেন।</td></tr>
</table>

০২	<u>প্রতিযোগিতায় অংশগ্রহণকারী:</u> জাতীয় সংগীত চর্চাকে অনুপ্রাণিত করার লক্ষ্যে দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত সময়সূচি অনুযায়ী শুদ্ধসুরে জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন নিশ্চিত করতে হবে। অত্র উপজেলার পৌরসভাসহ ০৭ টি ইউনিয়ন পরিষদের প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বিজয়ী মোট ০৮ (আট) টি দল নিয়ে উপজেলা পর্যায়ে প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে। প্রতিযোগিতা তিনটি স্তরে অনুষ্ঠিত হবে। স্তর তিনটি হচ্ছে: ১. প্রাথমিক স্তর: স্কুল ও মাদ্রাসায় প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত। ২. মাধ্যমিক স্তর: স্কুল ও মাদ্রাসায় ষষ্ঠ থেকে দশম শ্রেণি পর্যন্ত। ৩. উচ্চ মাধ্যমিক স্তর: কলেজ ও মাদ্রাসায় একাদশ থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত।	দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলার পৌরসভাসহ সকল ইউনিয়নের অর্ন্তগত সকল শিক্ষা প্রতিষ্ঠানে আন্ত:শ্রেণী প্রতিযোগিতার আয়োজন করে সংশ্লিষ্ট ইউনিয়ন পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। প্রতি ইউনিয়ন পর্যায়ের চ্যাম্পিয়ান দল উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহন করবে।	সংশ্লিষ্ট উপ কমিটির আহবায়ক ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর ও উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
০৩	<u>বিচারক মন্ডলী</u> <u>১. উপজেলা পর্যায়ে:</u> (ক) উপজেলা একাডেমিক সুপারভাইজার, ফুলবাড়ী, দিনাজপুর -আহবায়ক (খ) জনাব মো: খালিদ হোসেন বকুল, সংগীত প্রশিক্ষ, উপজেলা শিল্পকলা একাডেমি, ফুলবাড়ী, দিনাজপুর -সদস্য (গ) জনাব গোবিন্দ চন্দ্র সরকার, সংগীত প্রশিক্ষ, উপজেলা শিল্পকলা একাডেমি, ফুলবাড়ী, দিনাজপুর -সদস্য <u>২. ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে:</u> সংশ্লিষ্ট ইউনিয়নের অর্ন্তগত বিদ্যালয় সমূহের ক্রীড়া/শরীর চর্চা শিক্ষকবৃন্দ।	এ কমিটি সুষ্ঠুভাবে প্রতিযোগিতা পরিচালনা, বিচারক নির্ধারণ, ফলাফল তৈরী সংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।	উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট উপ কমিটি
০৪	<u>প্রতিযোগিতা পরিচালনা উপ- কমিটি:</u> উপজেলা পর্যায়ে গঠিত জাতীয় সংগীত পরিবেশন প্রতিযোগিতা আয়োজন ও পরিচালনার জন্য নিম্মোক্ত উপ কমিটি গঠন। পৌরসভা ও ইউনিয়নের সংশ্লিষ্ট ভেন্যুর প্রধান শিক্ষকগণ আহবায়কের দায়িত্ব পালন করবেন।	উপ কমিটিকে স্ব স্ব দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে এবং প্রয়োজনে উপ কমিটিসমূহ সদস্য কোঅপ্ট করতে পারবে।	উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট উপ কমিটি

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আব্দুস সালাম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ফুলবাড়ী, দিনাজপুর।

স্মারক নং-৩১.০২.২৭৩৮.০০০.১২.০০১.১৮.

তারিখঃ ২৮ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
৪। অধ্যক্ষ, ফুলবাড়ী সরকারি কলেজ, ফুলবাড়ী, দিনাজপুর।
৫। উপজেলা.............................অফিসার (সকল), ফুলবাড়ী, দিনাজপুর।
৬। অধ্যক্ষ/সুপার/প্রধান শিক্ষক,..........................ফুলবাড়ী, দিনাজপুর।
৬। চেয়ারম্যান,..........................ইউনিয়ন পরিষদ (সকল), ফুলবাড়ী, দিনাজপুর।
৭। ....ফুলবাড়ী, দিনাজপুর।

সহকারী কমিশনার (ভূমি) (অ:দা:)
ফুলবাড়ী, দিনাজপুর।